



বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজ- বিল্‌স

বাড়ি ২০ (৪র্থ তলা), সড়ক ১১ (নতুন), ৩২ (পুরাতন), ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা-১২০৯
ফোন: +০৮৮-২-৪৮১১৮৮১৫, ৪৮১১৩৭৫৪, ৫৮১৫১৪০৯, ৫৮১৫১৩৯৪, ফ্যাক্স: +৮৮০-২-৫৮১৫২৮১০, E-mail : bils@citech.net

www.bilsbd.org

তারিখ: ১ মে ২০২১

প্রেস বিজ্ঞপ্তি

বিল্‌স এর সংবাদপত্রভিত্তিক জরিপ

২০২১ সালের জানুয়ারি থেকে মার্চ মাসের মধ্যে ১৩ জন গৃহশ্রমিক হত্যা-নির্যাতনের শিকার হয়েছেন

বিভিন্ন জাতীয় দৈনিকে প্রকাশিত সংবাদের ভিত্তিতে তৈরী বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজ-বিল্‌স এর জরিপ অনুযায়ী, ২০২১ সালের জানুয়ারি-মার্চ মাসের মধ্যে মোট ১৩ জন গৃহকর্মী নানা ধরনের নির্যাতনের শিকার হয়েছেন। এদের মধ্যে ৪ জন নিহত হয়েছেন, যাদের ৩ জন কর্মক্ষেত্রে ও ১ জন কর্মক্ষেত্রের বাইরে। এ ছাড়া ২ জন আত্মহত্যা করেছেন। নিহতদের মধ্যে ১ জন হত্যাকাণ্ডের শিকার হয়েছেন এবং ৩ জনের রহস্যজনক মৃত্যু হয়েছে। ধর্ষণের শিকার হয়েছেন ২ জন, শারীরিকভাবে আঘাতপ্রাপ্ত হয়ে চরমভাবে নিপীড়নের শিকার হয়েছেন ৬ জন, এছাড়া অজ্ঞাতনামা ১ জন তীব্র মানসিক নির্যাতনের শিকার হন। এইসব ঘটনার পর সংশ্লিষ্ট থানায় মামলা করা হয়েছে।

কর্মক্ষেত্র	ধরণ								মোট
	নির্যাতন	খুন	ধর্ষণ	যৌন নিপীড়ন	রহস্যজনক মৃত্যু	অস্বাভাবিক মৃত্যু	ছুরিকাঘাত	ধর্ষণ ও আত্মহত্যা	
গৃহকর্ম/গৃহশ্রমিক	৩	১	২	১	৩	১	১	১	১৩

কর্মক্ষেত্র	ফলাফল				মোট
	নিহত	আহত	আত্মহত্যা	উল্লেখ নেই	
গৃহকর্ম/গৃহশ্রমিক	৪	৬	২	১	১৩

ঢাকাসহ সারাদেশে যারা গৃহকর্মী হিসাবে কাজ করে তাদের ৯৫ ভাগেরও বেশি নারী। বিল্‌স এর জরিপে দেখা গেছে যারা হত্যা, নির্যাতন, ধর্ষণের শিকার হয়েছেন তাদের অধিকাংশের বয়স ১৬ থেকে ৩৩ বছরের মধ্যে।

বিল্‌স এর এই হিসাব দেশের সংবাদমাধ্যমে প্রকাশিত তথ্যের ভিত্তির উপর নির্ভর করে করা কিন্তু বাস্তব পরিস্থিতি আরো ভয়াবহ। কারণ অনেক নির্যাতনের ঘটনায় অর্থ ও চাপের মুখে সমঝোতা করা হয়। গৃহকর্মী বা তাদের পরিবারের সদস্য অর্থনৈতিকভাবে দুর্বল হওয়ার কারণে মামলা মকদ্দমায় যেতে চান না বা যেতে সাহন পান না। প্রভাবশীলরা অনেক নির্যাতনের ঘটনা ধামাচাপা দিয়ে ফেলেন।

বিল্‌স সুনীতি প্রকল্প এবং গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্কের উদ্যোগে এই সমস্ত ঘটনায় দোষীদের আইনের আওতায় এনে উপযুক্ত শাস্তি প্রদান ও ক্ষতিগ্রস্তদের উপযুক্ত ক্ষতিপূরণের দাবী জানানো হয়েছে। এ ছাড়া মনিটরিং সেলের মাধ্যমে ঘটনার সর্বশেষ অবস্থা পর্যবেক্ষণ ও ব্যবস্থা গ্রহণে সহায়তা, ক্ষতিগ্রস্তদের সাথে ট্রেড ইউনিয়নের মাধ্যমে যোগাযোগ এবং সার্বিক সহায়তা দেয়ার প্রক্রিয়া চলমান রয়েছে।

ধন্যবাদান্তে-

মামুন অর রশিদ

তথ্য কর্মকর্তা, বিল্‌স

মোবাইল: ০১৯১৪৮৯১২২৩